Model Question No. 4

চারু ও কারুকলা

সংক্ষিপ্ত-উত্তর প্রশ্ন

বিষয় কোড: ১ ৪ ৮

সময় — ২ ঘণ্টা | মান-১০ | পূর্ণমান — ৫০

যে কোনো ২টি প্রশ্নের উত্তর দাও: ৫×২=১০

১. চিত্রশিল্পীরা কীভাবে স্বাধীনতাযুদ্ধে অংশ নিয়েছিলেন? লেখ।
২. ঢাকা শহরে প্রথম নবান্ন উৎসব সম্পর্কে বিস্তারিত লেখ।
৩. বাংলাদেশের ক্ষুদ্র কুটির শিল্প কর্পোরেশনের (বিসিক) প্রতিষ্ঠাতা-শিল্পী কে? তার সম্পর্কে লেখ।
৪. শিল্পাচার্য জয়নুল আবেদিনের জীবন ও তাঁর শিল্পকর্ম সম্পর্কে যা জান লেখ।
৫. রবীন্দ্রনাথের চিত্রকর্ম সম্পর্কে যতটুকু জেনেছ তা লেখ।

সময় — ১৫ মিনিট | পূর্ণমান — ১৫

চারু ও কারুকলা: বহুনির্বাচনি অভীক্ষা

[বি: দ্র: সরবরাহকৃত উত্তরপত্রে বহুনির্বাচনি প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসমূহ হতে সঠিক উত্তরের বর্ণটিতে টিক (√) চিহ্ন দাও। প্রতিটি প্রশ্নের মান-১।]

১. ১৯৫২ সালের ভাষা আন্দোলনের চিত্রশিল্পীরা—
ক সরাসরি যুক্ত ছিলেন
খ চিত্রশিল্পীরা চুপচাপ ছিলেন
গ পাকিস্তানের পক্ষে ছিলেন
ঘ উর্দু ভাষাকে পছন্দ করতেন

২. 'দোপেয়াজা' ও ছদ্মনামে কোন শিল্পী ভাষা আন্দোলনে কার্টুন এঁকেছিলেন?
ক কাজী আবুর কাশেম
খ হাশেম খান
গ রফিকুন নবী
ঘ বিজয় চৌধুরী

৩. শহীদ মিনারের স্থপতি কে ছিলেন?
ক মাযহারুল ইসলাম খ হামিদুর রহমান
গ আব্দুর রাজ্জাক ঘ নভেরা আহমেদ

৪. ৬ দফার লোগো, পোস্টার ও মঞ্চসজ্জা কে করেছিলেন?
ক শিল্পী কামরুল হাসান
খ শিল্পী হাশেম খান
গ রফিকুন নবী
ঘ আব্দুর রাজ্জাক

৫. বিদ্রোহী স্বরবর্ণ এই ১৩টি ছবি প্রদর্শনী হয়েছিল—
ক টিএসসিতে
খ শাহবাগে
গ চারুকলা ইনস্টিটিউটে
ঘ শহীদ মিনার চত্বরে

৬. নবান্ন উৎসব ঢাকা শহরে প্রথম শুরু হয়েছিল—
ক ১৯৬৯-এর ১২ ফেব্রুয়ারি
খ ১৯৭০ সালের ১২ ফেব্রুয়ারি
গ ১৯৭১ সালের ২০ মার্চ
ঘ ১৯৬৮ সালের ১০ ফেব্রুয়ারি

৭. 'স্বাধীনতা' কথাটি বহন করেছিল কারা?
ক ৪ জন ছাত্রী খ চার ছাত্র
গ ৪ জন ছাত্র-ছাত্রী ঘ চার ছাত্রনেতা

৮. বাংলা নববর্ষ উপলক্ষে কী নামে একটি চিত্র প্রদর্শনী শুরু হয়েছিল?
ক শুভ নববর্ষ খ কালবৈশাখী
গ পহেলা বৈশাখ ঘ নবান্ন

৯. তুলিকে শিল্পীরা কিসের অস্ত্র হিসেবে ব্যবহার করে?
ক ছবি আঁকার খ স্বাধীনতার
গ দৃশ্য আঁকার জন্য ঘ প্রতিকৃতি আঁকার জন্য

১০. গাছগাছালি থেকে রং বানাতেন—
ক যামিনী রায় খ রবীন্দ্রনাথ ঠাকুর
গ নন্দলাল বসু ঘ অবনীন্দ্রনাথ ঠাকুর

১১. পিকাসো কোন দেশের নাগরিক ছিলেন?
ক স্পেন খ ফ্রান্স
গ ইতালি ঘ হল্যান্ড

১২. 'গুয়েনিকা' চিত্রটির শিল্পী কে বা কার আঁকা?
ক পাবলো পিকাসো খ ভ্যানগগ
গ পলগগা ঘ রেমব্রান্ট

১৩. কবিতার মাঝে শব্দ কেটে বিচিত্র সব জীবজন্তুর ছবি আঁকতেন কে?
ক যামিনী রায় খ নন্দলাল বসু
গ রবীন্দ্রনাথ ঠাকুর ঘ কামরুল হাসান

১৪. 'শিশুস্বর্গ' কে গড়ে তোলেন?
ক কামরুল হাসান খ এসএস সুলতান
গ জয়নুল আবেদিন ঘ যামিনী রায়

১৫. 'এই জানোয়ারদের হত্যা করতে হবে'—পোস্টারটি কে ছিলেন?
ক জয়নুল আবেদিন খ কামরুল হাসান
গ রফিকুন নবী ঘ যামিনী রায়

১	ক	২	ক	৩	খ	৪	খ	৫	ঘ	৬	খ	৭	ক	৮	খ	৯	খ	১০	ক
১১	ক	১২	ক	১৩	ঘ	১৪	খ	১৫	ঘ										